

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টা

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِي الْمُعَامَلَةِ

আরবী

عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: رَحِمَ اللَّهُ رَجُلًا سَمْحًا إِذَا بَاعَ وَإِذَا اشْتَرَى وَإِذَا اقْتَضَى رَوَاهُ البُخَارِي

বাংলা

২৭৯০-[১] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ ওই লোকের ওপর রহম করুন; যে লোক বিক্রয়ের ক্ষেত্রে ও ক্রয়ের ক্ষেত্রে এবং নিজের প্রাপ্য আদায়ের জন্য চাওয়ার ক্ষেত্রে সহনশীল হয়। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২০৭৬, ইবনু মাজাহ ২২০৩, সহীহ ইবনু হিব্বান ৪৯০৩, সহীহ আল জামি'৩৪৯৫, সহীহ আত্ তারগীব ১৭৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (رَجُلًا سَمْحًا) "এমন দানবীর ব্যক্তিকে বলা হয়, যে ব্যক্তি প্রাপ্য ছেড়ে দেয়। অর্থাৎ আল্লাহ তা প্রালা এ ধরনের দানশীল ব্যক্তিদের প্রতি দয়া করেন।

(وَإِذَا اقْتَضَى) "এবং ঋণ গ্রহীতার কাছ থেকে পাওনা চাওয়ার সময় নম্রতা অবলম্বন করে ও কঠোরতা পরিহার করে। অর্থাৎ বারবার তাগাদা করে ঋণ গ্রহীতাকে অতিষ্ঠ করে তোলে না। (ফাতহুল বারী ৪র্থ খন্ড, হাঃ ২০৭৮)

হাদীসের শিক্ষাঃ সকল ক্ষেত্রে নমতা অবলম্বনকারীর প্রতি আল্লাহ তা আলা দয়াশীল।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

 $\textit{\textbf{9}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=68117}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন